

নাচনী পোকা লিরিক্স:-

একটা নাচনী পোকা চাই ঘুরঘুর ..
ডুলুং নদীর জলে..
একটা নেড়া গাছে ফুল ফুটেছে
একটা নেড়া গাছে ফুল ফুটেছে
ফুল ডুওরির কোলে রে, কোলে রে, কোলে রে।

একটা কালো ভ্রমর গুনগুনগুন
খোঁপায় গোঁজা ফুলে,
ও তার ফাগুনে আগুন লেগেছে
ও তার ফাগুনে আগুন লেগেছে
পলাশী জঙ্গলে রে এ এ..
টিপিং টিপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাওঁতালে রে, বাজাচ্ছে সাওঁতালে,
টিপিং টিপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাওঁতালে রে, বাজাচ্ছে সাওঁতালে।

কুহু বনে বনে মনের কোনে
ঝামুর গানের বাজনা কানে,
আপন মনে জীবন জানে
মন ফাগুনের মন কেমনে,
মেঘলা দিনের দিন যাপনের গান
সে যে বাঁধন মানে না। (x2)

একটা মন বলেছে মনের কথা
কংসাবতীর কূলে,
একটা বনের ময়ূর আপন মনে
একটা বনের ময়ূর আপন মনে
নাচে পেখন তুলে রে এ এ..
টিপিং টিপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাওঁতালে রে, বাজাচ্ছে সাওঁতালে,
টিপিং টিপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাওঁতালে রে, বাজাচ্ছে সাওঁতালে।

একটা কুলবধূর কখন যে হয়
ঘোমটা.. গেছে খুলে,
ও সে নদীর ঘাটে এসে গেছে
ও সে নদীর ঘাটে এসে গেছে
জল ডোবাতে ভুলে রে এ এ..
টিপিং টিপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাওঁতালে রে, বাজাচ্ছে সাওঁতালে,
টিপিং টিপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাওঁতালে রে, বাজাচ্ছে সাওঁতালে।

কুহু বনে বনে মনের কোনে
ঝামুর গানের বাজনা কানে,
আপন মনে জীবন জানে
মন ফাগুনের মন কেমনে,
মেঘলা দিনের দিন যাপনের গান
সে যে বাঁধন মানে না।

ঢ়িপিং ঢ়িপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাঙুঁতালে রে।

কুহু বনে বনে মনের কোনে
ঝামুর গানের বাজনা কানে,
আপন মনে জীবন জানে
মন ফাগুনের মন কেমনে,
মেঘলা দিনের দিন যাপনের গান
সে যে বাঁধন মানে না।

ঢ়িপিং ঢ়িপিং বাজনা কোথাও
বাজাচ্ছে সাঙুঁতালে রে।